

# 'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2023

## **DSE-P2-BENGALI**

## **NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours Full Marks: 60

The figures in the margin indicate full marks.

The question paper contains paper DSE-2A and DSE-2B
The candidates are required to answer any *one* from the *two* courses.
Candidates should mention it clearly on the Answer Book.

#### DSE-2A

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

\$\ze{8} = \$\times 0

- (ক) 'নিশীথে' গল্পটি কোন্ পত্রিকায় এবং কত বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয় ? এই গল্পের নায়কের নাম লেখো।
- (খ) 'পয়লা নম্বর' গল্পটি কবে এবং কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ? এই গল্পের অনিলা কেন গৃহত্যাগ করেছিল ?
- (গ) 'মহেশ' গল্পের ঘটনাস্থল কোন্ গ্রাম ? গ্রামের জমিদারের নাম কী ? গফুরের কন্যার নাম এবং তার বয়স কত লেখো।
- (ঘ) ''খিলখিল করিয়া হাসিয়া বলিল, মরুক বুড়া পুড়া'' এই উক্তিটির বক্তা কে এবং কোন্ গল্পের অন্তর্গত ? কোন্ প্রসঙ্গে বক্তা এ-কথাটি বলেছে ?
- (৬) 'লম্বকর্ণ' গল্পের জমিদারের নাম কী ? তার জমিদারী কোথায় ছিল ? লম্বকর্ণ কী কী খেয়েছিল ?
- (চ) 'টিচার' গল্পটিতে উল্লেখিত টিচারের নাম কী ছিল ? তিনি কোন্ স্কুলের শিক্ষক ছিলেন এবং সেই স্কুলের সেক্রেটারির নাম কী ?
- ২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

৬×৪ = ২৪

- (ক) 'দুরাশা' গল্পে কার কী দুরাশা হয়েছিল এবং তার পরিণামে কী ঘটেছিল ?
- (খ) 'স্বামী' গল্পটির নারী চরিত্রের নাম উল্লেখ করো। এই নারী চরিত্রের মধ্য দিয়ে হিন্দু নারীর সনাতনী যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।
- (গ) 'ভরতের ঝুমঝুমি' গল্পে পরশুরাম কীভাবে হাস্যরসকে শিল্পের পর্যায়ে উন্নীত করেছেন তা লেখো।
- (ঘ) 'রায়বাড়ি' গল্পে রাবণেশ্বর চরিত্রটি আলোচনা করো।
- (৬) 'টিকটিকি' গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় কীভাবে কুসংস্কারকে তুলে ধরেছেন তা সংক্ষেপে লেখো।
- (চ) 'মামলার ফল' গল্পের শিল্প সার্থকতা বিচার করো।

### UG/CBCS/B.A./Hons./5th Sem./Bengali/BENDSE2/2023

৩। নিম্নলিখিত যে-কোনো দৃটি প্রশ্নের উত্তর দাওঃ

 $22 \times 2 = 28$ 

- (ক) 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কিনা আলোচনা করো।
- (খ) 'মহেশ' গল্পে মহেশকে গল্পের নায়ক বলা যায় কিনা বিচার করো।
- (গ) 'লম্বকর্ণ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) 'বেদেনী' গল্পে রাধিকা চরিত্রের মনস্তত্ত্বের স্বরূপ বিশ্লেষণ করো।

#### অথবা

#### DSE-2B

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

**७**×8 = **\$**₹

- (ক) নিম্নলিখিত চরিত্রগুলি কোন্ কোন্ গল্পের তা উল্লেখ করোঃ ভূবন ঘোষাল, গিরীণ, দিবাকর, অনন্ত, সুরেশ ও সুখী।
- (খ) 'টিকটিকি' গল্পটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত ? গল্পগ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো। 'টিকটিকি' গল্পের কেন্দ্রীয় চরিত্রের নাম কী ?
- (গ) 'টিচার' গল্পে উল্লেখিত স্কুলের নাম কী ? ঐ স্কুলের সেক্রেটারী এবং হেডমাস্টারের নাম লেখো।
- (ঘ) 'রায়বাড়ি' গল্পটি কোন্ পত্রিকায় এবং কত সালে প্রকাশিত হয় ? গল্পটির সমগোত্রীয় অপর একটি গল্পের নাম লেখো।
- (৬) 'কালাপাহাড়' গল্পের দুটি পশুর নাম লেখো। যে-কোনো একটি পশুর রূপ বর্ণনা করো।
- (চ) 'অগ্রদানী' গল্পের জমিদারের নাম কী ? জমিদার অগ্রদানীকে কোন্ কাজে নিযুক্ত করেছিল ? তার পরিণামে কী হয়েছিল ?
- ২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

७×8 = **५**8

- (ক) 'না' গল্পে 'না' শব্দটি কতবার কোন্ কোন্ প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে ? বারবার 'না' শব্দ ব্যবহারের তাৎপর্য লেখো।
- (খ) 'ডাইনী' গল্পের ডাইনীর মানবিক সত্তার পরিচয় দাও।
- (গ) 'কালাপাহাড়' গল্পে রংলাল চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।
- (ঘ) 'অতসী মামী' গল্পে বাঁশি বাদক যতীন চরিত্রের পরিচয় দাও।
- (৩) 'ছোট বকুলপুরের যাত্রী' গল্পটিতে স্টেশনের পরিবেশ বর্ণনায় কোন্ স্বরূপ ফুটে উঠেছে তা আলোচনা করো।
- (চ) 'টিচার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

 $2 \times 2 = 28$ 

- (ক) 'তারিণী মাঝি' গল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় কীভাবে জৈব প্রবৃত্তির প্রতিফলন দেখিয়েছেন তা আলোচনা করো।
- (খ) 'রায়বাড়ি' গল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় সমকালীন সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থার অবক্ষয়ের চিত্র যেভাবে ফুটিয়ে তুলেছেন তা বর্ণনা করো।
- (গ) 'সাড়ে সাত সের চাল' গল্পে দুর্ভিক্ষের যে মর্মান্তিক চিত্র ফুটে উঠেছে তার বিবরণ দাও।
- (ঘ) 'শিল্পী' গল্পটি ছোটগল্প হিসেবে সার্থক কিনা তা বিচার করো।

\_\_\_\_×\_\_\_

5004